

সমাজকল্যাণ বিষয়ক মাদারীপুর জেলার শিবচর উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ফাহিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান শিবচর, মাদারীপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শিবচর, মাদারীপুর।
সভার তারিখ ও সময় : ১১/১০/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল ১০ঃ০০ ঘটিকা
উপস্থিত সদস্যগণ : পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রথমে বিগত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্যসচিব আলোচ্য বিষয়ের উপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।।

উপজেলা সমাজসেবা অফিসার সমাজসেবা অধিদফতরের বিভিন্ন কার্যক্রম তথা- বয়স্কভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি, নিবন্ধিত স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠান, নিবন্ধিত বেসরকারী এতিমখানাসহ অন্যান্য কার্যক্রমের বাস্তবায়ণ কৌশল, নীতিমালা, বর্তমান অবস্থা ও বিদ্যমান সমস্যাসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে শিবচর উপজেলায় ১৪,১৩১ জন বয়স্কভাতা, ৪৪৩৭ অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, ৫৫২৯ জন বিধবা ভাতা এবং ৬৮ জন কে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি মোবাইল ফিল্ডাসিয়াল সিস্টেম বিকাশের মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হয়। চলতি ২০২১-২২ অর্থবছরে অতিরিক্ত বয়স্ক ভাতা এবং বিধবা ভাতার বরাদ্দ পাওয়া যায় নি। শুধু ৩৬৯ জন অতিরিক্ত প্রতিবন্ধী ভাতার বরাদ্দ মঞ্জুরী পাওয়া যায়। নীতিমালা অনুসারে গঠিত কমিটির মাধ্যমে প্রাপ্ত বিভাজন অনুসারে উন্নুক্ত পদ্ধতিতে ভাতাভোগী নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্ট মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের নিকট পত্র প্রদান করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগী, স্ট্রোক প্যারালাইজড এবং থ্যালাসেমিয়া রোগীদের আর্থিক সহায়তা এবং স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠানের নিবন্ধন প্রক্রিয়া নিয়ে কর্মসূচি নিয়ে সভায় আলোচনা করা হয়। ভাতাভোগীদের যে সমস্ত পে রোল বাউস ব্যাক এবং ভুল নাম্বারে টাকা গেছে সেই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও সমাজসেবা অফিসার সভাকে আরো জানান যে, ০১ (এক) জন সহকারী সমাজসেবা অফিসার, ০১ (এক) জন উচ্চমান সহকারী, ০৯ (নয়) জন ইউনিয়ন সমাজকর্মী, এবং ০১ (এক) জন কারিগরী প্রশিক্ষক পদ শূন্য রয়েছে। এতে করে অফিসের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

অতঃপর জনবল স্বল্পতা, বয়স্কভাতা, , বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের শিক্ষা উপবৃত্তি, নিবন্ধিত স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠান, নিবন্ধিত বেসরকারী এতিমখানা এবং অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশসমূহ সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ কমিটি বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। যাদের পে রোল বাউস ব্যাক এসেছে, তাদের থেকে দ্রুত সচল বিকাশ নাম্বার সঙ্গ্রহ করে পুনরায় পে রোল প্রেরণ এবং যাদের ভুল নাম্বারে টাকা চলে গেছে সেগুলো দ্রুত সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা।

০২। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগী, স্ট্রোক প্যারালাইজড এবং থ্যালাসেমিয়া রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির আবেদনগুলো দ্রুত নিষ্পত্তি হয় সেই বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

০৩। স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠানের নিবন্ধন প্রক্রিয়া সহজতর করে মাদারীপুর জেলার পরিবর্তে শিবচর উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠানের নিবন্ধনের সুপারিশ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। শূণ্যপদে জনবল নিয়োগ প্রদানের সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পুনরায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফাহিমা আক্তার)

সভাপতি

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

শিবচর, মাদারীপুর।

তারিখঃ ১১/১০/২০২১খ্রিঃ



(শাহ আলম)

উপজেলা সমাজসেবা অফিসার

শিবচর, মাদারীপুর

স্মারক নং- ৪১.০১.৫৪৮৭.০০০.০৬.০৫৪.১৬ ৪০৭





অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

০৩। অফিস কপি।

২০২০ তারিখের সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতি সদস্যদের স্বাক্ষর

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব ফাহিমা আক্তার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর	সভাপতি	
০২	জনাব মোঃ জাকির হোসেন হায়দার চেয়ারম্যান, বহেরতলা উত্তর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৩	জনাব কোহিনুর হাওলাদার চেয়ারম্যান, সন্যাসিরচর ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৪	জনাব আঃ রহিম বেপারী চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ।	সদস্য	
০৫	জনাব শাহ আলম উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য সচিব	